# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-২১০/৬৫৪/৬ তারিখ: ১০.০৬.২০২০খ্রিঃ

**বিষয় : রিট পিটিশন নং ২৯৫/২০২০ নিষ্পন্নকল্পে প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (বাংলা) জনাব মোঃ আব্দুল মতিন সরকার ২২/১২/২০১৯ তারিখে তাঁকে দায়িত্ব পালনে বাধা প্রদানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও এম.পি.ও ভূক্তির জন্য আবেদন করেছেন। উক্ত আবেদনটি নিষ্পত্তি করার জন্য আবেদনকারী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৯৫/২০২০ দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত বিষয়টি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

বর্ণিত অবস্থায়, জনাব মোঃ আব্দুল মতিন সরকার এর ২২/১২/২০১৯ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে মাদ্রাসা কর্তৃপক্ষের বক্তব্য সমর্থনীয় কাগজপত্র জরুরীভিত্তিতে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:
১। জনাব মোঃ আব্দুল মতিন সরকার এর
২২/১২/২০১৯ তারিখের আবেদন।

09.05.2020

**মোঃ সিদ্দিকুর রহমান**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
07/6/2020 ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:
সুপার/সভাপতি/ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ
দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা
পো: খিদির, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-২১০/ তারিখ: .০৬.২০২০খ্রিঃ
<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>
১. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
২. উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৪. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. অফিস কপি।

9/6/2020

**মোঃ ওমর ফারুক**
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
07/6/2020 ফোন: ৯৬৭৪৮৭৪

ANNEXURE-D

বরাবর

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

**বিষয়ঃ ম্যানেজিং কমিটি কর্তৃক চাকুরী বিধি অনুযায়ী কোন প্রকার প্রসেডিং ড্র (Proceeding Draw) ব্যতীত সম্পূর্ণ অন্যায় এবং অবৈধভাবে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার "দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা"- এর আইনানুগভাবে নিয়োগকৃত সহকারী শিক্ষক (বাংলা) মোঃ আব্দুল মতিন সরকার এর দায়িত্ব পালনে বাধা প্রদান এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ এম.পি.ও ভূক্তির ব্যবস্থা গ্রহণ প্রসংগে।**

---

সুত্রঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ৩৮(৩) বিধি অনুযায়ী।

*জনাব,*

**বিনীত নিবেদন এই যে,** আমি মোঃ আব্দুল মতিন সরকার, সহকারী শিক্ষক (বাংলা), দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। আমি বিধি মোতাবেক গত ইং- ০১-০১-২০০০ তারিখে নিয়োগপ্রাপ্ত হইয়া গত ইং-১৬-০১-২০০০ তারিখে সহকারী শিক্ষক (বাংলা) হিসাবে যোগদানপত্র দাখিল করি (কপি সংযুক্ত)। উক্ত পদে যোগদানের পর হইতে আমি সহকারী শিক্ষক (বাংলা) হিসাবে আমার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করা অবস্থায় অক্টোবর, ২০১৯ তারিখে আমার প্রতিষ্ঠানটি এম.পি.ও ভূক্ত করার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেন। উক্ত প্রতিষ্ঠানটি এম.পি.ও ভূক্তির সিদ্ধান্ত গৃহীত হওয়ার পর হইতে সুপারিনটেন্টডেন্ট এবং ম্যানেজিং কমিটি কোন প্রকার কারণ ব্যতীত সম্পূর্ণ অন্যায়, অবৈধ এবং বেআইনীভাবে আমাকে দায়িত্ব পালনে বাধা প্রদান করেন এবং আমার নাম এম.পি.ও ভূক্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করিতে অস্বীকার করেন। তাছাড়া সুপারিনটেন্টডেন্টসহ ম্যানেজিং কমিটি আমার বিরুদ্ধে গভীর ষড়যন্ত্রে লিপ্ত আছে, যার ফলশ্রুতিতে আমাকে দায়িত্ব

পালনে বাধা প্রদান করে আসিতেছেন, যাহা বেআইনী এবং এখতিয়ার বর্হিভূত হইতেছে কারণ চাকুরী বিধি অনুযায়ী কোন প্রকার প্রসেড়িং ড্র (Proceeding Draw) ব্যতীত আমাকে সহকারী শিক্ষক (বাংলা) হিসাবে দায়িত্ব পালনে বাধা প্রদান করে আসিতেছে। উক্ত বিষয়ে আমি জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধাকে মৌখিকভাবে জানাই, কিন্তু তিনি কোন ব্যবস্থা বা পদক্ষেপ গ্রহণ করেন নাই, যোগাযোগ করা হলে এ বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবরে আবেদন করার জন্য পরামর্শ প্রদান করেন। বে-সরকারী মাদ্রাসা শিক্ষকদের চাকুরী বিধি-১৯৭৯ এর বিধি বিধান অনুসরন ব্যতীত কোন শিক্ষককে ম্যানেজিং কমিটি কর্তৃক দায়িত্ব পালনে বাধা প্রদান করতে পারেন না বা সাময়িক বা স্থায়ী বরখাস্ত করতে পারেন না। সুতরাং ম্যানেজিং কমিটির উক্ত বে-আইনী এবং অবৈধ কার্যাবলীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা একান্ত আবশ্যক, অন্যথায় আমি মারাত্নক ক্ষতির সম্মুখিন হইব।

**এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,** উক্ত প্রতিষ্ঠানে সহকারী শিক্ষক (বাংলা) হিসাবে নিয়োগ লাভের পর হইতে আমি সরকার কর্তৃক বিভিন্ন কার্যক্রমে অংশ গ্রহণ করি যার ফলশ্রুতিতে গত ইং-৮-০৫-২০১৫ হইতে ১০-০৫-২০১৫ তারিখ পর্যন্ত গাইবান্ধা সরকারী বালক উচ্চ বিদ্যালয়, গাইবান্ধা-তে অনুষ্ঠিত "৬ষ্ট থেকে ১০ম শ্রেণীর কারিকুলাম বিস্তরন বিষয়ক ০৩ (তিন) দিনব্যাপী প্রশিক্ষণ"- কর্মশালায় অংশ গ্রহণ করি, যার স্মারক নং- উমাশিঅ/গাই/সুন্দর/২০১৫/১৪০৫ (৪৬), তারিখঃ ০৪-০৫-২০১৫ খ্রিঃ (কপি সংযুক্ত)। উক্ত কর্মশালায় অংশগ্রহণ এর জন্য প্রতিষ্ঠান প্রধান ছাড়পত্র প্রদান করেন (কপি সংযুক্ত)।

তাছাড়া আমি উক্ত প্রতিষ্ঠানে সহকারী শিক্ষক (বাংলা) হিসাবে যোগদানের পর হইতে অনুষ্ঠিত প্রায় প্রতিটি জাতীয় এবং স্থানীয় নির্বাচনে সহকারী প্রিজাইডিং ও সহকারী পুলিং অফিসার হিসাবে দায়িত্ব পালন করিয়াছি।

তাছাড়া নন-এমপিও শিক্ষক-কর্মচারীদের আমরণ অনশনে অংশ নিয়ে আমি গুতুত্বর অসুস্থ হয়ে পড়ি, যাহা নয়া দিগন্ত প্রত্রিকায় গত ইং-৩ জানুয়ারী, ২০১৮ তারিখে ছবিসহ প্রকাশিত হয় (কপি সংযুক্ত)।

**অতএব,** মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, উপরোক্ত বিষয়াবলী সদয় বিবেচনা করে ম্যানেজিং কমিটি কর্তৃক চাকুরী বিধি অনুযায়ী কোন প্রকার প্রসেডিং ড্র (Proceeding Draw) ব্যতীত সম্পূর্ণ অন্যায় এবং অবৈধভাবে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার "দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা"- এর আইনানুগভাবে নিয়োগকৃত সহকারী শিক্ষক (বাংলা) মোঃ আব্দুল মতিন সরকার এর দায়িত্ব পালনে বাধা প্রদান এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ এম.পি.ও ভূক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে আপনার নিকট চির কৃতজ্ঞ থাকিব।

তারিখ- ২২/১২/২০১৮ইং

বিনীত নিবেদক

মোঃ আব্দুল মতিন সরকার
(মোঃ আব্দুল মতিন সরকার)
সহকারী শিক্ষক (বাংলা)
দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা
সুন্দরগঞ্জ, গাইবান্ধা